

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-১ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৭ পৌষ ১৪২৭/২২ ডিসেম্বর ২০২০

নং ২৪.০০.০০০০.১১৮.০৬.০২০.২০.২৪৫—বিজেএমসি'র বন্ধ মিলসমূহ ভাড়াভিত্তিক ইজারা (Lease) পদ্ধতিতে বেসরকারি ব্যবস্থাপনায় পুনঃচালুর বিষয়ে প্রাপ্ত প্রস্তাব এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গৃহীত নীতিমালার আলোকে পরীক্ষা ও বিবেচনার জন্য নিম্নরূপ আন্তঃমন্ত্রণালয় ওয়ার্কিং কমিটি গঠন করা হলো :

ক্রম	কর্মকর্তার পদবি ও কর্মস্থল	বিবরণ
১	অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়	আহবায়ক
২	প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি	সদস্য
৩	অতিরিক্ত সচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়	সদস্য
৪	অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৫	শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৬	বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৭	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিনিধি	সদস্য
৮	নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)	সদস্য
৯	চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি)	সদস্য-সচিব

(৫২৯)

মূল্য : টাকা ৪.০০

২.০ কমিটির কার্যপরিধি :

- (ক) বিজেএমসি'র বন্ধ মিলসমূহ পুনঃচালুর লক্ষ্যে দরপত্র/আগ্রহ ব্যক্তকরণ/প্রস্তাব আহ্বানের নিমিত্ত বিজ্ঞপ্তির খসড়া পরীক্ষা ও চূড়ান্তকরণ;
- (খ) প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত প্রস্তাব নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান;
- (গ) মিলসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালনার ক্ষেত্রে সরকারি স্বার্থ রক্ষায় গ্রহণীয় ব্যবস্থা/করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান;
- (ঘ) প্রয়োজ্য ক্ষেত্রে এতদ্বিষয়ক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে পরামর্শ প্রদান।

৩.০ কমিটি প্রয়োজন অনুযায়ী সভা অনুষ্ঠান করবে;

৪.০ কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষ জ্ঞান এবং/অথবা অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে;

৫.০ কমিটির সভায় অংশগ্রহণের জন্য সদস্যগণকে সম্মানী প্রদান করা যাবে;

৬.০ বিজেএমসি কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ইমরান আহমেদ
সিনিয়র সহকারী সচিব।